# বাংলাদেশ সংবাদ সংস্থা (বাসস)

## BANGLADESH SANGBAD SANGSTHA (BSS)

National News Agency of Bangladesh

স্মারক নং: ১৫.৬১.০০০০.০০৫.১৮.১৪৬(অংশ-৩).১৬৩১৪২ তারিখ: ১২ আগস্ট ২০২৬

**বিজ্ঞপ্তি**

সংস্থায় কর্মরত সকল সাংবাদিক,কর্মকর্তা/কর্মচারীর অবগতির জন্য জানানো যাচ্ছে যে, প্রধানমন্ত্রীর কার্যালয়ের কর্মকর্তাদের পরিচয় ব্যবহার করে প্রতারণামূলক কর্মকাণ্ড সম্পর্কে প্রধানমন্ত্রীর কার্যালয় হতে সতর্ক করা হয়েছে।

সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, অসাধু একটি চক্র প্রধানমন্ত্রীর মুখ্য সচিব এবং প্রধানমন্ত্রীর কার্যালয়ের অন্যান্য কর্মকর্তাদের নাম, পদবি ও পরিচয় ব্যবহার করে ভুয়া (Fake) ভিজিটিং কার্ড তৈরি, মোবাইল নম্বর ক্লোন/স্পুফিং করে এবং বিভিন্ন মাধ্যমে যোগাযোগ করে প্রতারণামূলক কর্মকাণ্ড পরিচালনার অপচেষ্টা চালাচ্ছে। কোনো কোনো ক্ষেত্রে সরকারি কর্মকর্তা, বিভিন্ন প্রতিষ্ঠান এবং সাধারণ নাগরিকদের নিকট হতে অর্থ সুবিধা বা অন্যান্য অনৈতিক সুবিধা প্রাপ্তির চেষ্টা করা হচ্ছে। যা সম্পূর্ণ প্রতারণামূলক এবং প্রধানমন্ত্রীর কার্যালয়ের সঙ্গে এর কোনো সম্পৃক্ততা নেই।

এমতাবস্থায়, প্রধানমন্ত্রীর কার্যালয়ের নির্দেশনা মোতাবেক এ ধরনের ফোনকল, বার্তা, ভিজিটিং কার্ড বা অন্য কোনো পরিচয়পত্রের ভিত্তিতে কোনো প্রকার আর্থিক বা প্রশাসনিক কার্যক্রম গ্রহণ না করার জন্য এবং প্রয়োজনবোধে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে পরিচয় ও তথ্য যাচাই করার জন্য সকলকে অনুরোধ করা হলো।

**মোঃ কামাল উদ্দিন মজুমদার**
ব্যবস্থাপনা পরিচালক ও
প্রধান সম্পাদক

বিতরণ:

১. ব্যবস্থাপনা সম্পাদক
২. প্রধান বার্তা সম্পাদক (ইংরেজী)
৩. প্রধান বার্তা সম্পাদক (বাংলা)
৪. প্রধান প্রতিবেদক (ইংরেজী)
৫. প্রধান প্রতিবেদক (বাংলা)
৬. সকল বিভাগ/শাখা প্রধান
৭. প্রশাসন বিভাগ
৮. হিসাব বিভাগ
৯. আইটি বিভাগ
১০. আঞ্চলিক কার্যালয় ও ব্যুরো অফিস
১১. নোটিশ বোর্ড
১২. নথি।

68/2, Purana Paltan, Dhaka-1000, Bangladesh, Phone: +880241053450-59, E-mail: bssnews@bssnews.net, Web: www.bss.org.bd
News Portal: www.bssnews.net, IP Telephone Number: +8809612277345, +8809613277345

CS Scanned with CamScanner